

সংকলনের আওতা

এই রিপোর্টে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২৩টি ইউনিটের বিভিন্ন সালের গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি সম্পর্কিত ৩৬টি অডিট আপত্তির মধ্যে ১৮টি আপত্তিকে একীভূত করিয়া ৬টি যৌথ খসড়া অনুচ্ছেদ এবং ১৮টি স্বতন্ত্র খসড়া অনুচ্ছেদ, মোট (৬+১৮) = ২৪টি খসড়া অনুচ্ছেদ স্থান পাইয়াছে।

এই রিপোর্টে যে সকল আর্থিক অনিয়ম, ত্রুটিপূর্ণ আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনা ইত্যাদি অন্তর্ভুক্ত হইয়াছে তাহা উত্থাপিত সময়ের (অথবা তাহার পূর্ববর্তী সময়ের) সমগ্র লেনদেনের যে ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হইয়াছে, উহারই সামান্য কিছু প্রতিফলন মাত্র। সুতরাং এই রিপোর্টের আপত্তি ও মন্তব্যসমূহ উদাহরণমূলক এবং তাহা কোনক্রমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আর্থিক শৃংখলার মান সম্পর্কিত পূর্ণাঙ্গ চিত্র নহে।